

# 💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৪

পর্ব-৩: পাক-পবিত্রতা (১ ১ হান্ )

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

اَلْفَصْلُ الْلاَّوَّلُ

### আরবী

عَنْ عُثْمَانَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ تَوَضَّأَ فَأَحْسَنَ الْوُضُوءَ خَرَجَتْ خَطَايَاهُ مِنْ جَسَدهِ حَتَّى تخرج من تَحت أَظْفَاره»

#### বাংলা

২৮৪-[8] 'উসমান (রাঃ) হতে বণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি উযূ (ওযু/ওজু/অজু) করে এবং উত্তমভাবে উযূ (ওযু/ওজু/অজু) করে, তার শরীর হতে তার সকল গুনাহ বের হয়ে যায়, এমনকি তার নখের নিচ হতেও তা বের হয়ে যায়। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৪৫। মিশকাত গ্রন্থকার বলেন, আমি বুখারীতে এ হাদীসটি পাইনি।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: গুনাহের একটি নিজস্ব আকার-আকৃতি আছে যা মানব দেহের সাথে ঝুলন্ত বা লেগে থাকে কিংবা দেহ হতে আলাদাও থাকতে পারে। কথাটিকে উপেক্ষা করা যায় না যেমন বলা হয়েছে 'আল্লামা সুয়ৃত্বী তাঁর قوت المغتذي গ্রন্থে বলেন- হাদীসটির বাহ্যিক দৃষ্টি-ভঙ্গি হাকীকাতের উপর। অতঃপর এ কথাটি এমন হাদীস দিয়ে বিশ্লেষণ করেছেন যা প্রমাণ করে নিশ্চয়ই গুনাহের আকার-আকৃতি আছে। হাদীসটি প্রত্যেক মু'মিনকে বেশি বেশি উযূ (ওযু/ওজু/অজু) করার প্রতি উৎসাহ দিচ্ছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=54843}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন